২৭১।৯২

দৈনিক সংবাদ

তারিখ ... 26 SEP 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

১৫

166

# ছাত্র রাজনীতি ।। সরকার বিরোধীদলের সাথে আলোচনা করতে পারে

।। শিশির শীল ।। ছাত্র রাজনীতির ভবিষ্যৎ নিয়ে সরকারী মহলে উৎকণ্ঠার অবসান হয়নি। সে কারণে ছাত্র রাজনীতিতে সহিষ্ণুতার পরিবর্তে কি করে স্বাভাবিক ধারা ফিরিয়ে আনা যায় সেজন্যে সরকারী দলবিরোধী দলের সাথে আলোচনার উদ্যোগ নিতে পারে বলে জানা যায়। সরকারের সাথে ঘনিষ্ঠ একটি সূত্র জানান, ছাত্র রাজনীতি একটি 'সেনসিটিভ ইস্যু'। তাছাড়া শিক্ষাঙ্গনে সন্ত্রাস সৃষ্টির প্রবণতা যে পর্যায়ে গেছে তাতে ছাত্র রাজনীতিকে সন্ত্রাসমুক্ত করার ব্যাপারে যদি সরকারীদল ও বিরোধী দল কোন ঐকমত্যে যেতে পারে সেটাই ভাল। সূত্র জানান, তবে সব কিছু নির্ভর করছে আগামী সংসদ অধিবেশনে সন্ত্রাস দমন অধ্যাদেশের ভাগ্যে কি জুটবে না জুটবে তার ওপর। সূত্র আরো জানান, ছাত্র ছাত্র ঃ পৃঃ ৮ কঃ ৪

## ছাত্র ঃ আলোচনা হতে পারে

( ১ম পৃষ্ঠার পর )

দলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত ঘোষণার পর বিভিন্ন বাস্তব কারণে সরকার এখনো পর্যন্ত ছাত্রদল বা ছাত্র রাজনীতির ব্যাপারে একক কোন সিদ্ধান্ত নিতে পারেননি। এর মধ্যে সরকারের উচ্চ মহলে বিশেষ করে বিগত স্বৈরাচারী সরকারের সময় ছাত্র রাজনীতি ও তার ভূমিকার কথা উল্লেখ করা হয়। সূত্র জানান, ছাত্র দলের কোন নেতাকে বাইরে পাঠিয়ে দেয়ার চিন্তা ভাবনা আপাতত সরকারের নেই।